# ছাত্র-ছাত্রীদের জন্য করণীয় ও বর্জনীয় বিষয়াবলি

## করণীয় বিষয়সমূহ

**ক. সাধারণ নির্দেশাবলিঃ**

১. যথাসময়ে (ডায়েরিতে উল্লিখিত সময়সূচি অনুযায়ী) প্রতিষ্ঠানে উপস্থিত হওয়া এবং প্রাত্যহিক সমাবেশে অংশগ্রহণ করা।

২. যথাযথ ইউনিফরম পরিধান করে প্রতিষ্ঠানে আসা । (নির্ধারিত জুতা, মোজা, বেল্ট, ব্যাজ, নেমপ্লেট, আইডি কার্ড ইত্যাদিও ইউনিফরমের অংশ)।

৩. ছুটির পর অকারণে ক্যাম্পাসে অবস্থান না করা বা অযথা ঘোরাঘুরি না করা।

৪. টিফিন পিরিয়ডে যত্রতত্র বিশৃঙ্খলভাবে বিচরণ না করে লাইব্রেরি, কমনরুম ও ক্যান্টিন সুবিধা গ্রহণ করা। খেলার মাঠে অথবা পি টি ক্লাসে গেলে শৃঙ্খলা বজায় রাখা।

৫. শ্রেণিকক্ষে অবস্থানকালে লেখাপড়ায় মনোযোগী হওয়া, ক্লাসের কাজ ও বাড়ির কাজ যথাযথভাবে সম্পন্ন করা এবং তা সংশ্লিষ্ট বিষয় শিক্ষককে দেখানো। দুই পিরিয়ডের মধ্যবর্তী সময়ে নিজ নিজ আসনে অবস্থান করা। বারান্দায় ঘোরাঘুরি না করা।

৬. কমপক্ষে একটি এবং সর্বাধিক তিনটি সহপাঠক্রমিক কার্যক্রম ও খেলাধুলায় অবশ্যই জড়িত থাকা এবং নিয়মিত অংশগ্রহণ করা।

৭. ছুটি ভোগ করার পূর্বে আবেদনপত্রের মাধ্যমে তা অনুমোদন করিয়ে নেয়া। নতুবা ছুটি ভোগ শেষে এবং ০৩ দিনের অধিক ছুটি ভোগের ক্ষেত্রে উপস্থিতির দিন অভিভাবক কর্তৃক আবেদনপত্র দাখিল করা। প্রতিষ্ঠানে আসার পর ছুটির প্রয়োজন হলে অবশ্যই দরখাস্ত শ্রেণি শিক্ষকের মাধ্যমে দাখিল করতে হবে।

৮. চুল, দাঁত ও নখ বিশেষভাবে পরিষ্কার রাখা। নিয়মিত গোসল করা এবং শারীরিক দুর্গন্ধ এড়ানোর ব্যাপারে সতর্ক থাকা।

৯. ছাত্রদের চুল ছোট রাখা (মাথার সবদিকে চুলের দৈর্ঘ্যের সমতা থাকবে, সামনের চুলের দৈঘ্য ১/২ এর বেশি হবে না এবং তা কানের পাতা স্পর্শ

করবে না, চিপ ছোট হবে)। ছাত্রীদের লম্বা চুল (কাঁধ ছাড়ানো চুল) বেনী করা।

১০. শ্রেণিকক্ষ এবং ক্যাম্পাসের সার্বিক পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখতে সহায়তা করা।

১১. অভিভাবক দিবসে নিজ নিজ অভিভাবকের উপস্থিতি নিশ্চিত করা এবং প্রয়োজনবোধে শ্রেণি শিক্ষক/অধ্যক্ষের সাথে অভিভাবকের যোগাযোগে সহযোগিতা করা।

১২. শ্রেণি শিক্ষক/বিষয় শিক্ষক ডায়েরিতে মন্তব্য লিখলে তা অবশ্যই অভিভাবককে অবহিত করতে হবে এবং অভিভাবকের স্বাক্ষরসহ পুনরায় শ্রেণি শিক্ষক/ বিষয় শিক্ষককে দেখানো।

১৩. সিনিয়র ছাত্র-ছাত্রীরা জুনিয়র ছাত্র-ছাত্রীদের সাথে জ্যেষ্ঠ ভাই বোনের মত আচরণ করা। সর্বদা সত্য কথা বলা।

১৪. প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক শিক্ষা সংক্রান্ত অর্পিত যে কোনো দায়িত্ব/ আদেশ পালন করা।

১৫. প্রতিষ্ঠানের নিয়ম-নীতি অনুসরণ করে প্রতিটি শিক্ষার্থীকে অধ্যয়ন করতে হবে।

১৬. নিয়মিত প্রতিষ্ঠানে আসতে হবে।

১৭. শ্রেণিকক্ষে বিলম্বে আসা থেকে বিরত থাকতে হবে।

১৮. স্কুলের উদ্দেশ্যে বাসা থেকে রওনা দিয়ে স্কুলে না এসে অন্যত্র ঘোরাফেরা করা যাবে না।

১৯. নিয়মিত স্কুল ডায়েরি আনতে হবে এবং ডায়েরিতে প্রয়োজনীয় বিষয়গুলো নোট করে নিতে হবে।

২০. কোনো কারণে প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলে সহপাঠীদের কাছ থেকে এ দিনের পড়া ও বাড়ির কাজ জেনে নিয়ে পড়া ও বাড়ির কাজ তৈরি করে স্কুলে আসতে হবে।

২১. ক্লাসরুম ও ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

২২. নিজের পোশাক পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। পরিচ্ছন্ন পোশাকে প্রতিষ্ঠানে আসতে হবে।

২৩. পানি ব্যবহার পর ট্যাপ বন্ধ রাখতে হবে যাতে পানির অপচয় না হয়।

২৪. শিক্ষক ও পরিবারের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে।

২৫. বয়োজ্যেষ্ঠদের সম্মান ও ছোটদের স্নেহ করতে হবে।

২৬. শ্রেণিকক্ষে শিক্ষক-শিক্ষিকা প্রবেশ ও প্রস্থানের সময় দাঁড়িয়ে সম্মান প্রদর্শন করতে হবে।

২৭. ধুমপান ও নেশাজাতীয় দ্রব্য গ্রহণ করা থেকে বিরত থাকতে হবে।

২৮. নিয়মিত বেতন ও অন্যান্য ফি পরিশোধের বিষয়টি মনে রাখতে হবে।

২৯. প্রতিষ্ঠানে মোবাইল ফোন, আইপ্যাড, ট্যাব, ক্যামেরা বা বিনোদনমূলক কোনো ইলেকট্রনিক্স ডিভাইস আনা যাবে না।

৩০. অধ্যক্ষ, শিক্ষকমণ্ডলী ও প্রতিষ্ঠানে আগত অতিথিদের যথাযথ সম্মান প্রদর্শন ও সালাম দিতে হবে।

৩১. কথা বলার সময় আঞ্চলিকতা পরিহার করতে হবে।

৩২. কোনো অপরাধ করলে দোষ স্বীকার করতে হবে।

৩৩. যত্রতত্র ময়লা না ফেলে ডাস্টবিনে ফেলতে হবে। শ্রেণিকক্ষ ও প্রতিষ্ঠান প্রাঙ্গন আবর্জনামুক্ত রাখতে হবে।

৩৪. যেকোনো জাতীয় দিবস উদযাপনের দিন অবশ্যই প্রতিষ্ঠানে উপস্থিত থাকতে হবে।

৩৫. শ্রেণিতে শিক্ষকের পাঠদানকালীন নীরবতা বজায় রেখে মনোযোগসহকারে পাঠ শুনতে হবে।

৩৬. শ্রেণিকক্ষে শিক্ষকের অনুপস্থিতিতে ক্লাস ক্যাপ্টেনকে শৃঙ্খলা রক্ষায় সহযোগিতা করতে হবে।

৩৭. সহপাঠীদের সাথে সুসম্পর্ক বজায় রাখতে হবে।

৩৮. ছাত্র ও ছাত্রীরা নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে কথা বলবে।

৩৯. সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার থেকে বিরত থাকতে হবে।

৪০. বাসায় গিয়ে দৈনন্দিন পাঠ, বাড়ির কাজ যথাযথভাবে প্রস্তুত করতে হবে।

৪১. শিক্ষার্থী তার যেকোনো সমস্যা শ্রেণিশিক্ষককে অবগত করবে।

৪২. নিজ নিজ ধর্মীয় অনুশাসন মেনে চলতে হবে এবং অন্য ধর্মের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে।

৪৩. প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি শ্রদ্ধাশীল থাকতে হবে।

৪৪. সিঁড়ি দিয়ে উঠা-নামার সময় শৃঙ্খলা বজায় রাখতে হবে। উঠা ও নামার ক্ষেত্রে সিঁড়ির বাম দিক ব্যবহার করতে হবে।

৪৫. শিক্ষক মিলনায়তনে প্রবেশ করার সময় শিক্ষকের অনুমতি নিতে হবে এবং শিক্ষককে সালাম দিতে হবে।

৪৬. ছেলেদের জন্য নির্ধারিত লিফটে ছেলেরা এবং মেয়েদের জন্য নির্ধারিত লিফটে মেয়েরা উঠবে। কোনো ভাবেই এর ব্যতয় ঘটানো যাবে না।

## সমাবেশে করণীয়

১. নির্দিষ্ট সময়ে সমাবেশস্থলে উপস্থিত হয়ে সারিবদ্ধভাবে ছোট থেকে বড় ক্রমান্বয়ে দাঁড়াতে হবে।

২. সকালের সমাবেশে যথাসময়ে উপস্থিত থেকে পিটি/প্যারেডে অংশ গ্রহণ করতে হবে এবং জাতীয় পতাকার প্রতি সম্মান প্রদর্শনের পাশাপাশি জাতীয় সঙ্গীত গাইতে হবে।

৩. সমাবেশকালীন সোজা লাইনে দাঁড়াতে হবে।

৪. সমাবেশের সময় পারস্পারিক কথা বলা যাবে না।

৫. সমাবেশে অধ্যক্ষ শিক্ষকমণ্ডলী কোনো কথা বললে তা মনোযোগ দিয়ে শুনতে হবে।

৬. সমাবেশ শেষে শৃঙ্খলার সাথে সারিবদ্ধভাবে নিজ নিজ ক্লাসে ফিরে যেতে হবে।

## অনুপস্থিতজনিত করণীয়ঃ

১. হঠাৎ অসুস্থ/ বিশেষ জরুরি কারণে প্রতিষ্ঠানে উপস্থিত হতে না পারলে উক্ত দিনেই অভিভাবক মারফত মোবাইল ফোনে সংশ্লিষ্ট শ্রেণিশিক্ষককে জানাতে হবে।

২. পরদিন অনুপস্থিতির কারণ উল্লেখপূর্বক অভিভাবক ও শ্রেণিশিক্ষককের স্বাক্ষরসহ অধ্যক্ষ মহোদয়ের নিকট পেশ করতে হবে এবং ছুটি অনুমোদন করিয়ে নিতে হবে।

## প্রতিষ্ঠানে আসার পর ছুটি নিতে হলে করণীয়:

১. প্রতিষ্ঠানে আসার পর কোনো শিক্ষার্থী ছুটি নিতে চাইলে শ্রেণিশিক্ষককে অবগত করতে হবে।

২. শ্রেণিশিক্ষক সংশিষ্ট অভিভাবকের সাথে যোগাযোগের মাধ্যমে ছুটির প্রয়োজনীয়তা সম্পর্কে নিশ্চিত হবেন।

৩. শিক্ষার্থী ছুটির দরখাস্ত করলে শ্রেণিশিক্ষক তাতে সুপারিশ করবেন।

৪. শ্রেণিশিক্ষকের সুপারিশকৃত দরখাস্ত অধ্যক্ষের নিকট আসলে তিনি বিবেচনা সাপেক্ষে ছুটি মঞ্জুর করবেন এবং কর্তৃপক্ষের অনুমতি নিয়ে অভিভাবকের সাথে শিক্ষার্থী প্রতিষ্ঠান ত্যাগ করবে।

## পরীক্ষার হলে করণীয় :

১. যথাযথ প্রস্তুতি নিয়ে সময়মতো পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

২. পরীক্ষার হলে প্রবেশপত্র, কলম, ক্লিপবোর্ড, পেন্সিল, ক্যালকুলেটর (প্রযোজ্য ক্ষেত্রে) ছাড়া অন্যান্য সামগ্রী নিয়ে প্রবেশ করা যাবে না।

৩. নির্দিষ্ট সময়ে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

৪. পরীক্ষার্থীরা শুধু দ্বিতীয় ঘণ্টায় বাইরে/ ওয়াশরুমে যেতে পারবে।

৫. শিক্ষক উত্তরপত্র দেবার পর তাতে নিজের নাম, শ্রেণি, শাখা, রোল ইত্যাদি ঠিকমতো লিখতে হবে।

৬. খাতায় ঠিকমতো মার্জিন টানতে হবে।

৭. প্রশ্ন হাতে পাওয়ার পর তা নিজ ক্লাসের প্রশ্ন কিনা তা নিশ্চিত হতে হবে।

৮. প্রশ্ন হাতে পেয়ে প্রথমে সহজ প্রশ্নের উত্তর দিতে হবে। তারপর অপেক্ষাকৃত কঠিন প্রশ্নগুলোর উত্তর দিতে হবে।

৯. পরীক্ষা শেষ হবার অন্তত ১০ মিনিট পূর্বে লেখা শেষ করতে হবে। বাকি ১০ মিনিটে প্রয়োজনীয় তথ্যাদি মিলিয়ে দেখতে হবে যেমন নাম, শ্রেণি, শাখা, রোল, বিষয়ের নাম, বিষয় কোড, প্রশ্ন নম্বর ঠিক মতো লেখা হয়েছে কিনা। কোনো ভুল থাকলে এই সময় সংশোধন করে নিতে হবে।

১০. সব ঠিক আছে নিশ্চিত হবার পর খাতা জমা দিতে হবে।

## ওয়াশরুম ব্যবহারের ক্ষেত্রে করণীয়ঃ

১. ওয়াশরুম ব্যবহারের পর পর্যাপ্ত পরিমাণে পানি ব্যবহার করতে হবে।

২. ওয়াশরুম পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

৩. ওয়াশরুমে কোনো বাজে কথা লেখা যাবে না।

৪. ওয়াশরুমে কোনো সমস্যা থাকলে দ্রুত শ্রেণিশিক্ষককে জানাতে হবে।

## টিফিনের সময় করণীয়ঃ

১. টিফিনের সময় নিয়মিত টিফিন খেতে হবে।

২. টিফিন না খেয়ে টিফিনের সময় খেলাধুলা করা যাবে না।

৩. টিফিনের সময় স্কুল বিল্ডিং ও স্কুল মাঠের বাইরে যাওয়া যাবে না।

## ক্যান্টিনে করণীয়ঃ

১ ক্যান্টিনে শিক্ষার্থীদের ছেলে ও মেয়ে আলাদা লাইনে টিফিন গ্রহণ করতে হবে।

২. তাড়াহুড়া বা বিশৃঙ্খলা করা যাবে না।

৩. টিফিন খাওয়ার পর নির্দিষ্ট ডাস্টবিনে আবর্জনা ফেলতে হবে।

৪. যারা বাসা থেকে টিফিন নিয়ে আসবে তারা অযথা ক্যান্টিনে ঘোরাঘুরি করবে না।

# সাধারণ নির্দেশাবলিঃ
# বর্জনীয় বিষয়সমূহ

১. দেরি করে প্রতিষ্ঠানে/ ক্লাসে উপস্থিত হওয়া এবং প্রাত্যহিক সমাবেশে অংশ গ্রহণ না-করা।

২. প্রতিষ্ঠানে/ক্লাসে ইউনিফরম পরিধানে কোনো অনিয়ম করা।

৩. পূর্বানুমতি ছাড়াই ক্লাসে অনুপস্থিত থাকা এবং ছুটির পূর্বে বিনা অনুমতিতে প্রতিষ্ঠান ত্যাগ করা।

৪. ৮০% ক্লাসে উপস্থিত না থাকলে শিক্ষার্থীকে ষান্মাসিক মূল্যায়ন/বার্ষিক মূল্যায়ন/ প্রাক্-নির্বাচনী/ নির্বাচনী পরীক্ষায় অংশহণ করতে দেয়া হবে না।

৫. ছেলেদের চুল বড় রাখা কিংবা মাথা ন্যাড়া করা (অসুস্থতা বা ধর্মীয় কারণ ব্যতীত)।

৬. মেয়েদের চুল খোলা রাখা, লম্বা চুল বেনী না করা, চুলে পাম্প করা বা কোনো প্রকার রঙ করা/ চোখের রং পরিবর্তনের জন্য কসমেটিক লেন্স ব্যবহার করা।

৭. কোনো প্রকার অলংকার (ফ্রেন্ডশিপ ব্যান্ড, মাথায় আকর্ষণীয়/রঙ্চঙে ক্লিপ বা ব্যান্ড নূপুর, ঝুলন্ত দুল, আংটি ইত্যাদি) ব্যবহার করা।

৮. নখ বড় রাখা, নেইলপলিশ এবং হাতের উপর মেহেদি দেয়া।

৯. লিপস্টিক, রুজ বা এ ধরনের কোনো প্রকার প্রসাধনী ব্যবহার করা (কেবল সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণকারীরা এ ব্যাপারে অনুমতি পেতে পারে)।

১০. বড় আকৃতির এবং মিউজিক্যাল হাতঘড়ি ব্যবহার করা। বেমানান/ চওড়া আকৃতির বেল্ট পরিধান করা। চোখে কাজল বা আইশ্যাডো দেওয়া।

১১. মোবাইল ফোন, এমপিথ্রি/এমপিফোর, ক্যাসেট সিডি, লেজার লাইটার, ক্যামেরা, রঙিন সানগ্লাস, পাঠ বই ব্যতীত অন্য কোন বই, গাইড বই, ক্রিকেট বল বা ব্যাট, টেনিস বল, হকিস্টিক, ব্যাডমিন্টন রকেট, খেলনাজাতীয় কোনো কিছু সঙ্গে রাখা বা ব্যবহার করা।

১২. মোজা ছাড়া জুতা পরা, গেঞ্জি বিহীন শার্ট পরিধান করা, মাথায় ক্যাপ পরা, ছাত্রীদের সেমিজ বিহীন জামা পরা।

১৩. স্কুলে অবস্থান কালে ক্যান্টিনের বাইরের দোকান বা ফেরিওয়ালার নিকট হতে টিফিন দ্রব্যাদি ক্রয় করা এবং খাবার জিনিস যত্রতত্র হেটে হেটে খাওয়া, শ্রেণি কক্ষে চুইংগাম চিবানো।

১৪. যে কোনো পরীক্ষায় কোনো প্রকার অসদুপায় অবলম্বন করা।

১৫. লাইব্রেরিতে সংরক্ষিত বইয়ের পাতা কিংবা পত্র-পত্রিকার অংশবিশেষ কেটে ফেলা বা বইরের পাতায় বা পত্র-পত্রিকায় যে কোন ধরনের লেখা।

১৬. প্রতিষ্ঠানের যে কোনো জিনিস এবং সহপাঠীর কোনো কিছু না নেয়া, প্রতিষ্ঠানের সম্পদ বা সহপাঠীর (কোনোকিছু নষ্ট করা, যত্রতত্র বর্জ্য ফেলা।

১৭. ক্যাম্পাসের ভেতরে বা বাইরে ধুমপান করা, পান খাওয়া বা এ জাতীয় কোনো অনাকাঙ্খিত দ্রব্য গ্রহণ করা বা সঙ্গে রাখা।

১৮. ডেস্ক, হোয়াইটবোর্ড, দেয়াল, বাথরুম ইত্যাদিতে আজেবাজে বা আপত্তিকর কোনোকিছু লেখা এবং পায়ের ছাপ দেয়া।

১৯. প্রতিষ্ঠানের ক্যান্টিন ও ক্যান্টিনের ভেতরের অংশে ক্লাস চলাকালে বা অন্য সময়ে আড্ডা দেয়া।

২০. ছাত্র-ছাত্রীর মধ্যে অশালীন কথাবার্তা, কোনো প্রকার চিঠিপত্র বা চিরকুট বিনিময়, ক্লাস পালিয়ে গল্পগুজব করা। প্রতিষ্ঠানে অধ্যয়নকালীন সময়ে ব্যক্তিগত সম্পর্ক সৃষ্টি করা অথবা বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়া, সেটা গোপন অথবা প্রকাশ্য যা-ই হোক না-কেন।

২১. ক্লাসের বাইরে, কমনরুমে বা খেলার মাঠে সিনিয়র ও জুনিয়র ক্লাসের ছাত্র-ছাত্রীদের সাথে যে কোনো শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীর সাথে খারাপ আচরণ করা।

২২. প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত যে-কোনো আদেশ-নিষেধ অমান্য করা।

২৩. কোন প্রকার রাজনৈতিক কর্মকাণ্ডে জড়িত হওয়া।

২৪. শ্রেণিকক্ষে শিক্ষকের অনুপস্থিতিতে কোনোভাবেই শ্রেণিকক্ষ থেকে বের হয়ে বারান্দায়, সিঁড়িতে বা অন্য কোনো জায়গায় ঘোরাফেরা করা যাবে না।

২৫. শিক্ষার্থীদের মোটর সাইকেল চালানো নিষিদ্ধ।

২৬. প্রতিষ্ঠানে আসার পর শিক্ষার্থী কোনোভাবেই ক্লাস ফাঁকি দিয়ে ক্যান্টিন, লাইব্রেরি, খেলার মাঠে বা অন্য কোনো স্থানে অবস্থান করতে পারবে না।

২৭. অন্যের জিনিস না বলে ধরা যাবে না।

২৮. প্রতিষ্ঠানের বাইরে প্রতিষ্ঠানের সুনাম নষ্ট হয় এমন কোনো কাজ করা যাবে না।

২৯. ছুটির পর অকারণে ক্যাম্পাসে অবস্থান বা ঘোরাঘুরি করা যাবে না।

৩০. ক্লাসে হাই বেঞ্চের উপর বসা যাবে না।

৩১. কোনো ছোঁয়াচে বা সংক্রামক রোগ হলে অধ্যক্ষের অনুমতিক্রমে সুস্থ না হওয়া পর্যন্ত নিজ বাড়িতে অবস্থান করতে হবে।

## পরিচ্ছন্নতা সংক্রান্ত :

১. নিয়মিত গোসল ও দাঁত ব্রাশ না করে প্রতিষ্ঠানে আসা যাবে না।

২. থুথু বা ময়লা আবর্জনা যেখানে সেখানে ফেলা যাবে না।

৩. অপরিষ্কার পোশাক পরে প্রতিষ্ঠানে আসা যাবে না।

## সহপাঠীদের সাথে আচরণ :

১. সহপাঠী ও অন্যান্য শ্রেণির শিক্ষার্থীদের সাথে কোনো অশোভন আচরণ করা যাবে না।

২. ক্লাসে উচ্চস্বরে চিৎকার করা যাবে না।

৩. সহপাঠী বা অন্যান্য শ্রেণি শিক্ষার্থীদের সাথে কোনো রকম কলহে জড়ানো যাবে না।

## পরীক্ষার হল সংক্রান্ত :

১. পরীক্ষার সময় পার্শ্ববর্তী কারো সাথে কথা বলা যাবে না।
২. দেরিতে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
৩. প্রথম ঘণ্টা ও শেষ ঘণ্টায় বাইরে যাওয়া যাবে না।
৪. বইয়ের ব্যাগ পরীক্ষার হলে রাখা যাবে না।
৫. প্রশ্নের উপর কোনো কিছু লেখা যাবে না।
৬. রাফ কাগজে কোনো কিছু লিখে আদান-প্রদান করা যাবে না।
৭. পরীক্ষার খাতা বদল করা যাবে না।
৮. পরীক্ষায় অসদুপায় অবলম্বন করা যাবে না।
৯. অপ্রয়োজনে ওয়াশরুমে যাওয়া যাবে না।

# প্রতিষ্ঠানের নিয়ম-কানুন ও শৃঙ্খলা সংক্রান্ত জ্ঞাতব্য বিষয়

শৃঙ্খলা জীবনের উন্নতির সোপান। সেই উদ্দেশ্যে ছাত্র-ছাত্রীদের সুশৃঙ্খল জীবনযাপনে অভ্যস্ত করার মানসে নিম্নবর্ণিত নিয়ম-কানুন মেনে চলা বাধ্যতামূলক করা হয়েছেঃ

| ক্রমিক | অপরাধের বিবরণ | প্রস্তাবিত প্রতিকার | কার্যকর ব্যবস্থা গ্রহণ |
|---|---|---|---|
| ০১ | পোশাকে অনিয়ম (নির্ধারিত রঙের জামা, প্যান্ট, জুতা, মোজা, বেল্ট, নেমপ্লেট, ব্যাজ ইত্যাদি) | সতর্কীকরণ ও অভিভাবকে অবহিতকরণ। লঘু শাস্তিস্বরূপ শ্রেণির পেছনে কিছু সময় দাঁড় করিয়ে রাখা (পুনরাবৃত্তি ঘটলে প্রয়োজনে অতিরিক্ত বাড়ির কাজ দেয়া হয়ে থাকে।) | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ০২ | ছেলেদের চুল বড় রাখা কিংবা নেড়া করা (অসুস্থ ছাড়া) মেয়েরা বয়কাট করলে চুল অবশ্যই কমপক্ষে কাধ বরাবর রাখতে হবে। মেয়েরা খোলাচুলে আসলে টিফিন পিরিয়ডের মধ্যে চুল বেঁধে ফেলবে। | সতর্কীকরণ ও অভিভাবকে অবহিতকরণ। লঘু শাস্তিস্বরূপ শ্রেণির পেছনে কিছু সময় দাঁড় করিয়ে রাখা (পুনরাবৃত্তি ঘটলে প্রয়োজনে চুল কাটার ব্যাবস্থা করা।) | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ০৩ | নখ বড় রাখা, নেইল, পলিশ, লিপিস্টিক, কপালে টিপ পরা। | ভৎর্সনা করা,নখ কাটানোর ব্যবস্থা করা। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ০৪ | অলঙ্কার ব্যবহার করা, চেইন/বালা, ফিংগার রিং, নূপুর, চুড়ি ও ঝুলন্ত দুল ইত্যাদি। | সতর্কীকরণ ও শ্রেণির পেছনে লাইনে দাঁড় করিয়ে রাখা। অলংকার খুলে অধ্যক্ষের মাধ্যমে | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |

| | | | |
|---|---|---|---|
| | | অভিভাবককে ফেরত দেয়া। | |
| ০৫ | অপ্রাসঙ্গিক/অশ্লীল কথা বলা, ডেস্ক, খাতা, ব্লাকবোর্ড,দেয়াল, বাথরুমে,স্কুলবাস ইত্যাদিতে লেখা। | অভিভাবককে সাক্ষাতের জন্য পত্র/বহিস্কারের ব্যবস্থা গ্রহণ। | শ্রেণিশিক্ষক ও অধ্যক্ষ |
| ০৬ | প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ন করা, রাষ্টীয় আইনের পরিপন্থী কর্মকান্ডে লিপ্ত থাকা। | প্রতিষ্ঠান থেকে বহিস্কার | অধ্যক্ষ |
| ০৭ | মাদক সেবন ও সংশ্লিষ্ট কর্মকান্ডে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে জড়িত থাকা। | প্রতিষ্ঠান থেকে বহিষ্কার | অধ্যক্ষ |
| ০৮ | ছেলে মেয়েদের মধ্যে অবৈধ পত্র লিখন বা বহন বা উপহার আদান প্রদান। | অভিভাবককে অবহিতকরণ ও প্রয়োজনবোধে বহিষ্কার | অধ্যক্ষ |
| ০৯ | প্রতিষ্ঠানে থাকাকালে কটূক্তি, অশ্লীল ইঙ্গিত, উচ্চস্বরে চিৎকার, গান গাওয়া, নাচানাচি এবং শার্টের ইন খোলা। | সতর্কীকরণ ও ডায়েরিতে নোট প্রদান করে অভিভাবককে অবহিকরণ | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ১০ | ক্লাস থেকে পালানো | অভিভাবককে অবহিকরণ ও পুনরাবৃত্তি ঘটলে প্রয়োজনবোধে বহিষ্কার | শ্রেণিশিক্ষক ও অধ্যক্ষ |
| ১১ | অফিস / বাথরুমে / কোন শিক্ষকের সাথে দেখা করার নাম করে | ডায়েরিতে নোট প্রদান করে অভিভাবককে অবহিকরণ | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |

| | | | |
|---|---|---|---|
| | অযথা ঘোরাঘুরি করা বা ক্লাস ফাঁকি দেয়া। | | |
| ১২ | মারামারি করা / সঙ্গে ধারালো অস্ত্র রাখা | অভিভাবককে অবহিতকরণ ও প্রয়োজনবোধে বহিষ্কার | শ্রেণিশিক্ষক ও অধ্যক্ষ |
| ১৩ | লাইব্রেরির বইয়ের পাতা  বা পত্রিকার পাতা বা বিশেষ অংশ ছিঁড়ে ফেলা। | জরিমানা করা ও অভিভাবককে অবহিতকরণ ও প্রয়োজনবোধে বহিষ্কার | শ্রেণিশিক্ষক ও অধ্যক্ষ |
| ১৪ | ডায়েরির পাতা ছোঁড়া বা কাটা | ভর্ৎসনা, ডায়েরির দ্বিগুণ মূল্য জরিমানা, নতুন ডায়েরি ক্রয়ের সময় অভিভাবককে অবহিত করার প্রমাণস্বরূপ পত্র। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ১৫ | অভিভাবককে/শিক্ষক-শিক্ষিকার/অধ্যক্ষের স্বাক্ষর নকল করা করা। | অধ্যক্ষের নিকট শিক্ষার্থীকে হাজিরা। অধ্যক্ষ ও অভিভাবককে অবহিতকরণ ও ছাড়পত্র প্রদান  । | অধ্যক্ষ |
| ১৬ | যুক্তিসঙ্গত কারণ ছাড়া/পূর্ব অনুমোদন ছাড়া প্রতিষ্ঠানের প্রাত্যহিক সমাবেশ/অনুষ্ঠানে অনুপস্থিত থাকা। | ডায়েরির মাধ্যমে অভিভাবককে অবহিতকরণ। পুনরাবৃত্তি ঘটলে শাস্তির ব্যবস্থা। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ১৭ | ক্লাব কার্যক্রমে অনুপস্থিত থাকা। | ভর্ৎসনা, জরিমানা, ডায়েরিতে অভিভাবককে অবহিতকরণ। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক/কো-অর্ডিনেটর |

| | | | |
|---|---|---|---|
| ১৮ | কোন কিছু চুরি করা। | অভিভাবককে প্রতিষ্ঠানে নিয়ে আসা এবং ছাড়পত্র প্রদান। | অধ্যক্ষ |
| ১৯ | প্রতিষ্ঠানের মুল্যবান সম্পদ নষ্ট করা। | কমপক্ষে ক্ষতির দ্বিগুণ পরিমাণ অর্থ জরিমানা/ প্রতিষ্ঠান থেকে বহিষ্কার। | অধ্যক্ষ |
| ২০ | ক্লাস চলাকালে শ্রেণিকক্ষে দুষ্টুমি করা। | ভর্ৎসনা করা ও ডায়েরির মাধ্যমে অভিভাবককে অবহিকরণ। | শ্রেণিশিক্ষক |
| ২১ | শিক্ষক/অতিথিদেরকে সম্মান না করা, সালাম না দেয়া। | তাকে মোটিভেট করা এবং সালাম দেয়ার পর যেতে দেয়া। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ২২ | শিক্ষকদের প্রতি কটুক্তি অথবা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সমালোচনা করা। | অভিভাবককে অবহিতকরণ ও বহিষ্কার করা। | অধ্যক্ষ |
| ২৩ | মাঝে মধ্যে শ্রেণিতে অনুপস্থিত থাকা। | প্রচলিত জরিমানা আদায়/ অনুমতি ছাড়া ক্রমাগত ৩ দিন অনুপস্থিত থাকলে অভিভাবককে পত্র প্রদান এবং অনিয়মিত শিক্ষার্থীকে শাস্তি প্রদান। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক ও অধ্যক্ষ |
| ২৪ | টিফিন নিয়ে ছোঁড়াছুড়ি করা। | ডায়েরি লিখে সতর্ক করা। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |

| | | | |
|---|---|---|---|
| ২৫ | বারান্দায় টিফিনের সময় মেয়েদের শৌচাগারের বিপরীতে জটলা করা। | ভর্ৎসনা করা ও প্রয়োজনে শাস্তির পরিমাণ বাড়ানো। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক ও অধ্যক্ষ |
| ২৬ | শরীরে পারফিউম ব্যবহার করা। | শ্রেণিতে দাঁড় করিয়ে রাখা ও সতর্ক করা। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ২৭ | পরীক্ষায় অসদুপায় অবলম্বন করা। | বহিষ্কার | অধ্যক্ষ |
| ২৮ | লেখাপড়ায় অমনোযোগী, বাড়ির কাজ না করা। | ভর্ৎসনা, ছুটির পর বসিয়ে রেখে বাড়ির কাজ আদায় করা। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক |
| ২৯ | প্রতিষ্ঠানের ছাত্র / ছাত্রী থাকাকালীন বিয়ে করা। | প্রতিষ্ঠান থেকে বহিষ্কার | অধ্যক্ষ |
| ৩০ | চুল কাটা / চুল বাঁধা | ছেলেদের সামরিক স্টাইলে চুল কাটতে হবে, অর্থাৎ ছেলেদের চুলের দৈর্ঘ্য১-১/২-র বেশি হবে না এবং তা কানের পাতা স্পর্শ করবে না, চিপ ছোট হবে। ছাত্রীদের লম্বা চুল (কাঁধ ছাড়ানো চুল) বেনী করা। না করলে শাস্তিমুলক ব্যবস্থা নেয়া হবে। | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক ও অধ্যক্ষ |
| ৩১ | মোবাইল ফোন রাখা | ভর্ৎসনা/জরিমানা/ অভিভাবককে অবহিকরণ | শ্রেণিশিক্ষক/ বিষয় শিক্ষক ও অধ্যক্ষ |
| ৩২ | ইন্টার নেটের অপব্যবহার | প্রতিষ্ঠান থেকে বহিষ্কার | অধ্যক্ষ |

## বিশেষ জ্ঞাতব্য:

১. সর্বোচ্চ শাস্তি প্রদানের পূর্বে অবশ্যই অভিভাবককে অবহিত করা হয়।

২. লঘু অপরাধ বার বার করার প্রবণতা দেখা গেলে গুরুতর অপরাধ হিসেবে গণ্য করে অধ্যক্ষ কর্তৃক সর্বোচ্চ শাস্তি প্রদান করা হবে।

## অভিভাবকগণের জ্ঞাতব্য:

১. নিয়মিত গাইড টিচার/ ক্লাস টিচার/ সাবজেক্ট টিচার/ অধ্যক্ষের সাথে যোগাযোগ রাখতে হবে।

২. প্রতিষ্ঠানের ফলাফল ও শৃঙ্খলার উন্নয়নের জন্য প্রয়োজনে কর্তৃপক্ষ/ অধ্যক্ষের সাথে পরামর্শ করতে হবে।

৩. বাড়িতে সন্তানের পড়াশোনার ব্যাপারে সজাগ দৃষ্টি রাখতে হবে।

৪. নিয়মিত ও সময়মতো স্কুলে পৌছার ব্যাপারে সন্তানকে সহযোগিতা করতে হবে।

৫. পড়ার সময় সন্তান যাতে টেলিভিশন, মোবাইল ফোন বা ইলেক্ট্রনিক্স ডিভাইস ব্যবহার করতে না পারে সে বিষয়ে সজাগ থাকতে হবে।

৬. সন্তানকে লেখাপড়ার গুরুত্বের বিষয়ে বার বার সচেতন করতে হবে।

৭. নিয়মিত বেতনাদি পরিশোধ করতে হবে। সন্তানের মাসিক বেতন বা অন্যান্য পাওনাদি সন্তানের হাতে না দিয়ে যথাসম্ভব নিজে পরিশোধ করার চেষ্টা করতে হবে।

৮. মাসে অন্তত একবার স্কুলে/কলেজে উপস্থিত হয়ে বিষয় শিক্ষক/ শ্রেণিশিক্ষক/ গাইড টিচার/অধ্যক্ষের সাথে দেখা করে নিজ সন্তানের পড়াশোনার খোঁজ খবর নিতে হবে।

৯. অভিভাবক দিবসে অবশ্যই স্কুলে/ কলেজে উপস্থিত হয়ে মতামত প্রকাশ করে সহযোগিতা করতে হবে।

১০. ফলাফল প্রকাশের দিন অবশ্যই স্কুলে/ কলেজে উপস্থিত হয়ে নিজ সন্তানের ফলাফল হণ করতে হবে।

১১. সন্তান পর্যাপ্ত পরিমাণে বিশ্রাম নিচ্ছে কিনা সে বিষয়ে সজাগ থাকতে হবে।

১২. সন্তান কাদের সাথে মিশছে সে বিষয়ে খেয়াল রাখতে হবে।

১৩. সন্তান নিয়মিত স্কুল/ কলেজে না এলে বা পাঠে অমনোযোগী দেখলে তার সাথে খোলামেলা আলাপ করে সমস্যা সমাধান করবেন। প্রয়োজনবোধে স্কুল/কলেজ কর্তৃপক্ষের সাহায্য গ্রহণ করবেন।

১৪. ৮০% ক্লাসে উপস্থিত না থাকলে শিক্ষার্থীকে ষান্মাসিক মূল্যায়ন/বার্ষিক মূল্যায়ন/ প্রাক্-নির্বাচনী/ নির্বাচনী পরীক্ষায় অংশহণ করতে দেয়া হবে না।

১৫. নির্ধারিত সময়ের পরে কোন ছাত্র-ছাত্রীকে ক্লাসে প্রবেশ করতে দেয়া হয় না।

১৬. নির্ধারিত সময়ের মধ্যে ক্লাস চলাকালীন জরুরি প্রয়োজনে ছাত্র-ছাত্রীকে কেবল পিতা/মাতা অথবা অনুমোদিত অভিভাবকের সাথে সাক্ষাৎ করতে দেয়া হয়।

১৭. বিশেষ প্রয়োজনে শিক্ষার্থীকে অভিভাবকের নিকট ফোন করতে দেয়া হয়।

১৮. বিনা অনুমতিতে কোনো শিক্ষার্থী ক্যামেরা, মোবাইল ফোন, রেডিও, ক্যাসেট প্লেয়ার, এমপিথ্রি বা কোনো প্রকার বাদ্যযন্ত্র স্কুল/কলেজে আনতে পারে না।

১৯. রিপোর্ট কার্ড/ডায়েরির মন্তব্যের ভিত্তিতে অভিভাবককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২০. কোনো শিক্ষার্থী ক্লাসে অনুপস্থিত থাকলে পরের দিন অভিভাবকের স্বাক্ষরসহ লিখিত আবেদনপত্র অধ্যক্ষের নিকট দাখিল করতে হবে।

আমার বন্ধুর জন্যে সবচেয়ে বেশি যা করতে পারি তা হলে শুধু বন্ধু হয়ে থাকা। তাকে দেয়ার মতো কোন সম্পদ আমার নেই। সে যদি জানে যে আমি তাকে ভালবেসেই সুখী, সে আর কোন পুরস্কারই চাইবে না। এক্ষেত্রে বন্ধুত্ব কি স্বর্গীয় নয়।

হেনরি ডেভিড থিওরো

# শ্রেণি : ষষ্ঠ
# বিষয় : বাংলা ১ম পত্র

## অর্ধবার্ষিক পরীক্ষার সিলেবাস- ২০২৫

| বিষয় | শিরোনাম |
|---|---|
| গদ্য | সততার পুরস্কার ,মিনু ,নীল নদ আর পিরামিডের দেশ, তোলপাড়, আকাশ । |
| পদ্য | জন্মভূমি, সুখ, মানুষজাতি, ঝিঙেফুল, আসমানি। |
| আনন্দপাঠ | সাত ভাই চম্পা, আলাউদ্দিনের চেরাগ, আষাঢ়ের এক রাতে, মামার বিয়ের বরযাত্রী। |
| শ্রেণিপরীক্ষা-গদ্য | সততার পুরস্কার ,আকাশ। |
| পদ্য | জন্মভূমি, ঝিঙেফুল। |

## বার্ষিক পরীক্ষা ২০২৫

| বিষয় | শিরোনাম |
|---|---|
| গদ্য | মাদার তেরেসা, আমাদের লোকশিল্প, কত কাল ধরে, কার্টুন ব্যঙ্গচিত্র ও পোস্টারের ভাষা। |
| পদ্য | চিঠি বিলি, বাঁচতে দাও, পাখির কাছে ফুলের কাছে, ফাগুন মাস। |
| আনন্দপাঠ | আদু ভাই, মারমা রুপকথা হলুদ টিয়া সাদা টিয়া, একটি সুখী গাছের গল্প, অতিথি। |
| শ্রেণিপরীক্ষা- গদ্য | মাদার তেরেসা, আমাদের লোকশিল্প। |
| পদ্য | চিঠি বিলি, বাঁচতে দাও। |

## প্রশ্নের ধারা ও নম্বর বণ্টন

**সৃজনশীল প্রশ্নঃ**

গদ্য অংশ থেকে ৪টি, কবিতা অংশ থেকে ৪টি মোট ৮টি সৃজনশীল প্রশ্ন থাকবে।

গদ্য অংশ থেকে আবশ্যিক ভাবে ২টি ও কবিতা অংশ থেকে আবশ্যিক ভাবে ২টি উত্তর সহ মোট ৫টি প্রশ্নের উত্তর করতে হবে।

**বর্ণনামূলক প্রশ্নঃ**

আনন্দ পাঠ অংশ থেকে ৪টি বর্ণনামূলক প্রশ্ন থাকবে। ২টির উত্তর করতে হবে।

**বহুনির্বাচনী প্রশ্নঃ**

গদ্য অংশ থেকে ১৫টি এবং কবিতা অংশ থেকে ১৫টি প্রশ্ন থাকবে। প্রতিটির উত্তর করতে হবে।

### নম্বর বণ্টনঃ

| | |
|---|---|
| সৃজনশীল প্রশ্নর নম্বর | ৫০ |
| বর্ণনামূলক প্রশ্নের নম্বর | ২০ |
| বহুনির্বাচনী প্রশ্নের নম্বর | ৩০ |
| **মোট** | **=১০০** |

[**১০০নম্বরকে ৬০নম্বরে রূপান্তর করা হবে এবং শ্রেণি পরীক্ষা ও অধ্যায়ভিত্তিক পরীক্ষা থেকে ৪০নম্বর নেয়া হবে।]

কাউকে সারা জীবন কাছে পেতে চাও? তাহলে প্রেম দিয়ে নয় বন্ধুত্ব দিয়ে আগলে রাখো। কারণ প্রেম একদিন হারিয়ে যাবে কিন্তু বন্ধুত্ব কোনদিন হারায় না

উইলিয়াম শেক্সপিয়র

# শ্রেণি : ষষ্ঠ
# বিষয় : বাংলা ২য়পত্র

## অর্ধ বার্ষিক পরীক্ষার সিলেবাস -২০২৫

| বিষয় | শিরোনাম |
|---|---|
| ব্যাকরণ অংশ | ভাষা ও বাংলা ভাষা, ধ্বনিতত্ত্ব, রূপতত্ত্ব, বাক্যতত্ত্ব। |
| নির্মিতি অংশ | |
| সারাংশ | ১,২ |
| সারমর্ম | ১,২ |
| ভাব-সম্প্রসারণ | গদ্য-১, ২ পদ্য-১, ২ |
| পত্ররচনা | ব্যক্তিগত পত্র-১ |
| আবেদনপত্র | ১, ২ |
| অনুচ্ছেদ | ৫.১, ৫.২ |
| প্রবন্ধ | আমাদের বিদ্যালয়, আমার প্রিয় খেলা, জাতীয় পাখি দোয়েল, বর্ষাকাল, আমার দেখা নদী, জাতীয় ফুল শাপলা। |

| শ্রেণি পরীক্ষা | |
|---|---|
| ব্যাকরণ অংশ | ভাষা ও বাংলা ভাষা। |
| নির্মিতি অংশ | আবেদনপত্র-১,২ |

মৃত্যুর যন্ত্রণার চেয়ে বিরহের যন্ত্রণা যে কতো কঠিন, মৃত্যুর যন্ত্রণার চেয়ে বিরহের যন্ত্রণা যে কতো কঠিন, কতো ভয়ানক তা একমাত্র ভুক্তভুগিই অনুভব করতে পারে।

কাজী নজরুল ইসলাম

# বার্ষিক পরীক্ষার সিলেবাস-২০২৫

| বিষয় | শিরোনাম |
|---|---|
| ব্যাকরণ অংশ | বাগর্থ, বানান, বিরামচিহ্ন, অভিধান। |
| নির্মিতিঅংশ | |
| সারাংশ | ৩, ৪ |
| সারমর্ম | ৩ |
| ভাবসম্প্রসারণঃ গদ্য | ৩,৪ |
| পদ্য | ৩,৪ |
| পত্ররচনা | ব্যক্তিগতপত্র-২ |
| আবেদনপত্র | ৩ |
| অনুচ্ছেদ | ৫.৩, ৫.৪, ৫.৫ |
| প্রবন্ধ | আমার পড়া একটি বইয়ের গল্প, জাতীয় ফল কাঁঠাল, জাতীয় বৃক্ষ আম গাছ, বাংলাদেশের জাতীয় পশু বাঘ, আমাদের গ্রাম, সত্যবাদিতা। |

| **শ্রেণি পরীক্ষা** | |
|---|---|
| ব্যাকরণ অংশ | বিরামচিহ্ন |
| নির্মিতি অংশ | ভাবসম্প্রসারণ-গদ্য-৩,পদ্য -৩ |

আমি তোমাদের বলেছি যে তোমরা মিনিটের খেয়াল রাখো, তাহলে দেখবে ঘন্টাগুলো আপনা থেকেই নিজেদের খেয়াল রাখছে

চেষ্টারফিল্ড

## শ্রেণি : ষষ্ঠ
## বিষয় : বাংলা ২য়পত্র

### প্রশ্নের ধারা ও নম্বর বন্টন

**নির্মিতি অংশ থেকে ৩০ নম্বর**

ব্যাকরণ অংশ থেকে বহুনির্বাচনী প্রশ্নোত্তর ২০

পূর্ণমান-৫০

**শ্রেণি পরীক্ষা: ৩০**

এক কথায় প্রকাশ / বহুনির্বাচনী প্রশ্নোত্তর

অধ্যায়ভিত্তিক পরীক্ষা : ১০

### ব্যাকারণ অংশ বহুনির্বাচনী প্রশ্ন ২০টি

**নির্মিতি অংশ ৩০**

সারাংশ/ সারমর্ম(২টি থাকবে ১টির উত্তর করতে হবে)৫নম্বর

ভাবসম্প্রসারণ(২টি থাকবে ১টির উত্তর করতে হবে)৫ নম্বর

চিঠি/আবেদন পত্র(২টিথাকবে ১টির উত্তর করতে হবে)৫ নম্বর

প্রবন্ধ রচনা (৩টিথাকবে ১টির উত্তর করতে হবে)১৫ নম্বর

লিখিত ৫০ নম্বরকে ৩০ নম্বরে রূপান্তরিত করা হবে এবং শ্রেণি পরীক্ষা ও অধ্যায়ভিত্তিক পরীক্ষার ৪০ নম্বর নেয়া হবে।

একজন আহত ব্যক্তি তার যন্ত্রনা যত সহজে ভুলে যায়, একজন অপমানিত ব্যক্তি তত সহজে অপমান ভোলে না ।

জর্জ লিললো

একজন ঘুমন্ত মানুষ আরেকজন ঘুমন্ত মানুষকে জাগাতে পারেনা।

শেখ সাদী

| Subject: English 1st Paper | Subject Code: 107 |
| --- | --- |
| Class: VI | Session: 2025 |

**List of Books:**

1. English for Today- NCTB
2. Advanced Learner's Communicative English Grammar & Composition- Chowdhury & Hossain

## Syllabus of Half Yearly Examination

| Name of Chapter | Topics |
| --- | --- |
| **English for Today** | **Lesson 1- 18** |
| **Completing Stories** | a. A friend in need is a friend indeed<br>b. Grapes are sour<br>c. A thirsty crow<br>d. Greed brings disaster<br>Or Selected by the teacher |
| **Dialogues** | a. A dialogue between you and a book seller<br>b. A dialogue between you and the waiter of a restaurant<br>c. A dialogue with your friend describing<br>d. your new school.<br>e. A dialogue between you and your father about your result<br>Or selected by the teacher |
| **Paragraphs** | a. Your First Day at School<br>b. A Railway Station<br>c. A Street Hawker<br>d. Rules of Good Health<br>Or selected by the teacher |

## Syllabus of Class Test- 1

| | |
|---|---|
| English for Today | Lesson 8- 15 |
| Matching | Unseen |
| Rearranging Sentences | Unseen |
| Completing Story | a, b (Half Yearly Syllabus) |

**Chapter test often each chapter-10 marks**

## Syllabus of Annual Examination

| **Name of Chapter** | **Topics** |
|---|---|
| **English for Today** | **Lesson 19- 35** |
| **Completing Stories** | a. Slow and steady wins the race<br>b. The pied piper of Hamelin<br>c. Unity is strength<br>d. Who will bell the cat<br>Or Selected by the teacher |
| **Dialogues** | a. A dialogue between two friends about the benefits of early rising<br>b. A dialogue between two friends about<br>c. their favourite sports person<br>d. A dialogue between two friends about attractive tourist spots of Bangladesh<br>e. A dialogue between two friends about the wonders of the world<br>Or selected by the teacher |
| **Paragraphs** | a. Mobile Phone<br>b. Your Parents<br>c. Our National flag<br>d. Gardening<br>Or selected by the teacher |

## Syllabus of Class Test- 2

| | |
|---|---|
| English for Today | Lesson 20- 32 |
| Dialogue | a, b,c (Annual Syllabus) |
| Paragraph | a, b (Annual Syllabus) |

## Chapter Test-10

### Marks Distribution of Class Test- 1

1.Multiple Choice Questions (Seen Passage) 1X7= 7
2. Matching =5

3.Re-arranging Sentences =8

4.Completing Story =10

**Total = 30**

### Marks Distribution of Class Test- 2

1.Answering Questions (Seen Passage) 2X5= 10
2.Dialogue =10
3.Paragraph =10

**Total = 30**

Life is like a box of chocolates. You never know what you're gonna get.
Forrest Gump (character)

Life is like riding a bicycle. To keep your balance, you must keep moving.
Albert Einstein

## Marks Distribution of Term Examination

| Skills/ Area | Marks | Test Item | | | Item Marks | |
|---|---|---|---|---|---|---|
| **Part- A: Reading** | **70** | 1 | MCQ | Seen Passage - 1 | 1X7 | 07 |
| | | 2 | Answering Question | | 5X2 | 10 |
| | | 3 | Gap filling | Seen Passage - 2 | 1X5 | 05 |
| | | 4 | Vocabulary: Synonyms & Antonyms | | 1X5 | 05 |
| | | 5 | Information Transfer | Unseen Passage | 1X5 | 05 |
| | | 6 | True/False | | 1X5 | 05 |
| | | 7 | Writing Summary | | 10X1 | 10 |
| | | 8 | Matching | | 1X5 | 05 |
| | | 9 | Re-arranging sentences | | 1X8 | 08 |
| | | 10 | Answering questions from poems in English for Today (Any 5 out of 8 questions) | | 2X5 | 10 |
| **Part-B: Writing** | **30** | 11 | Completing Stories | | | 10 |
| | | 12 | Writing Paragraph in 120 words | | | 10 |
| | | 13 | Writing Dialogues | | | 10 |
| | | | | **Total** | | **100** |

| | |
|---|---|
| 100marks will be Converted | 60 marks |
| Class Test | 30 marks |
| Chapter test | 10marks |
| Total | 100 marks |

| **Subject: English 2nd Paper** | **Subject Code: 108** |
|---|---|
| **Class: VI** | **Session: 2025** |

**List of Books:**

1. English Grammar and Composition – NCTB
2. Advanced Learner's Communicative English Grammar & Composition- Chowdhury & Hossain

That's one small step for a man, a giant leap for mankind.

Neil Armstrong

The love of money is the root of all evil.

the Bible

The only thing we have to fear is fear itself.

Franklin D. Roosevelt

The truth will set you free.

the Bible

There's no place like home.

Dorothy

Three can keep a secret, if two of them are dead.

Benjamin Franklin

To be or not to be, that is the question.

William Shakespeare

## Syllabus of Half Yearly Examination

| Name of Chapter | Topics |
|---|---|
| **Grammar** | a. Identification of parts of Speech<br>b. Gap filling with/withoutclues(Article)<br>c. Substitution Table<br>d. Conjugation of Verbs<br>e. Right form of Verbs<br>f. Changing Sentences (Tense, Affirmative, Negative, Assertive, Interrogative)<br>g. Punctuation and Capitalization |
| **Formal/Informal Letter** | a. Application for leave of absence<br>b. Application for leave in advance<br>c. Application for seat in a school hostel<br>Or Selected by the teacher<br>E-mail: Unseen |
| **Composition** | a. Your Aim in Life<br>b. Duties of a Student<br>c. Rivers of Bangladesh<br>Or selected by the teacher |

Two roads diverged in a wood, and I, I took the one less travelled by, and that has made all the difference.

Robert Frost

United we stand, divided we fall.

Aesop

Whatever you are, be a good one.

Abraham Lincoln

## Chapter Test-10marks

**Syllabus and Marks Distribution of Class Test-**

| | | |
|---|---|---|
| 1. | Identification of Parts of Speech | 05 |
| 2. | Gap filling activities (Article) | 05 |
| 3. | Changing Sentence (Affirmative to Negative and vice versa) | 05 |
| 4. | Right form of verbs | 05 |
| 5. | Formal letter(b, c of Half Yearly Syllabus) | 10 |
| | **Total** | **= 30** |

## Syllabus of Annual Examination

| Name of Chapter | Topics |
|---|---|
| **Grammar** | a. Identification of parts of Speech<br>b. Gap filling with clues (Article, Preposition)<br>c. Substitution Table<br>d. Right form of Verbs<br>e. Changing Sentences(Tense, Affirmative, Negative, Assertive, Interrogative, Imperative, Exclamatory)<br>f. Punctuation and Capitalization |
| **Formal/Informal Letter** | a. Application for setting up canteen<br>b. Application for remission of delay fine<br>c. Application for common room<br>d. Application for morning school<br>Or Selected by the teacher<br>E-mail: Unseen |

| | |
|---|---|
| **Composition** | a. A Journey by Boat<br>b. Newspaper<br>c. Discipline<br>d. Your Favourite Sports<br>Or selected by the teacher |

# Chapter Test-10

**Syllabus and Marks Distribution of Class Test- 2**

| | | |
|---|---|---|
| 1. | Substitution table | 05 |
| 2. | Changing Sentence (Assertive to Interrogative and vice versa) | 05 |
| 3. | Punctuation and Capitalization | 05 |
| 4. | Composition (b, c of Annual Syllabus) | 15 |
| | | Total=30 |

To be or not to be, that is the question.

William Shakespeare

To err is human; to forgive, divine.

Alexander Pope

Two roads diverged in a wood, and I, I took the one less travelled by, and that has made all the difference.

Robert Frost

## Marks Distribution of Term Examination

| | Skills/Area | Marks | Test Item | | Item Marks | |
|---|---|---|---|---|---|---|
| **English 2nd Paper** | **Part- A: Grammar** | **30** | 1 | Identification of parts of Speech | 0.5X 10 | 05 |
| | | | 2 | Gap filling with clues (Article, Preposition) | 0.5X 10 | 05 |
| | | | 3 | Substitution table | 1X5 | 05 |
| | | | 4 | Right form of Verbs | 1X5 | 05 |
| | | | 5 | Changing Sentences (Tense, Affirmative, Negative, Assertive, Interrogative, Imperative, Exclamatory) | 1X5 | 05 |
| | | | 6 | Punctuation and Capitalization | | 05 |
| | **Part-B: Writing** | **20** | 7 | Letter/E-mail (Formal & Informal) | | 08 |
| | | | 8 | Writing short composition in 200 words | | 12 |
| | | | | **Total** | | **50** |

50marks will be Converted into 30marks

Class Test and Chapter Test will be Converted into 20marks

Total=50marks

# শ্রেণি : ষষ্ঠ
# বিষয় : গণিত

## ষান্মাসিক সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ১ | স্বাভাবিক সংখ্যা ও ভগ্নাংশ |
| ৩.১, ৩.২ | পূর্ণসংখ্যা |
| ৪ | বীজগণিতীয় রাশি |
| ৬.১ | জ্যামিতির মৌলিক ধারণা |
| ৭ (১ থেকে ১৫) | ব্যবহারিক জ্যামিতি |
| ৮ | তথ্য ও উপাত্ত |

*অর্ধবার্ষিক ক্লাস টেস্ট-২০২৫
*অধ্যায় ৪- বীজগানিতিক জ্যামিতি রাশি
*বার্ষিক ক্লাস টেস্ট-২০২৫
*অধ্যায় ৫-সরল সমীকরণ

## মানবন্টন

| সৃজনশীল প্রশ্ন | ৫×১০=৫০ |
|---|---|
| সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ২×১০=২০ |
| বহুনির্বাচসী প্রশ্ন | ১×৩০=৩০ |
| মোট | =১০০ |

**সৃজনশীল প্রশ্ন:** ক বিভাগ (পাটী গণিত), খ বিভাগ (বীজগণীত), গ বিভাগ (জ্যামিতি), ঘ বিভাগ (তথ্য ও উপাত্ত) [প্রতিটি গুরুপে ২টি সৃজনশীল প্রশ্ন থাকবে। ৮টি প্রশ্ন থেকে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।]
প্রতিটি গ্রুপ থেকে কমপক্ষে একটি প্রশ্নের উত্তর দিতে হবে।

**সংক্ষিপ্ত প্রশ্ন:** ১৫ টি প্রশ্নের মধ্যে যে কোনো ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**বহুনির্বাচনী প্রশ্ন:** (প্রতিটি প্রশ্নের নম্বর ১)

[পাটিগণিত থেকে (৮-১০), বীজগণিত থেকে (৮-১০), জ্যামিতি থেকে (৬-৮), তথ্য এবং উপাত্ত থেকে (৩-৪)]

## মানবন্টন

| | |
|---|---|
| সৃজনশীল প্রশ্ন | ৫×১০=৫০ |
| সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ২×১০=২০ |
| বহুনির্বাচসী প্রশ্ন | ১×৩০=৩০ |
| মোট | =১০০ |

**সৃজনশীল প্রশ্ন**: ক বিভাগ (পাটী গণিত), খ বিভাগ (বীজগণীত), গ বিভাগ (জ্যামিতি), ঘ বিভাগ (তথ্য ও উপাত্ত) [প্রতিটি গুরুপে ২টি সৃজনশীল প্রশ্ন থাকবে। ৮টি প্রশ্ন থেকে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

প্রতিটি গুরূপ থেকে কমপক্ষে একটি প্রশ্নের উত্তর দিতে হবে।

**সংক্ষিপ্ত প্রশ্ন**: ১৫ টি প্রশ্নের মধ্যে যে কোনো ১০টি প্রশ্নের উত্তর দিতে হবে।

**বহুনির্বাচনী প্রশ্ন**: (প্রতিটি প্রশ্নের নম্বর ১)

[পাটিগণিত থেকে (৮-১০), বীজগণিত থেকে (৮-১০), জ্যামিতি থেকে (৬-৮), তথ্য এবং উপাত্ত থেকে (৩-4)]

## মান বন্টন শ্রেণি পরীক্ষা

| | |
|---|---|
| ১.এক কথায় উত্তর | ১×১০=১০ |
| ২.সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ২×৫=১০ |
| সৃজনশীল প্রশ্নের উত্তর | ১×১০=১০ |
| মোট | =৩০ |

একজন বিশ্বস্ত বন্ধু দশ হাজার আত্মীয়ের সমান

ইউরিপিদিস [গ্রীক নাট্যকার]

একজন মহান ব্যক্তির মহত্ব বোঝা যায় ছোট ব্যক্তিদের সাথে তার ব্যবহার দেখে।

কার্লাইল

# বিষয় : বিজ্ঞান

## ষান্মাসিক সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ১ | বৈজ্ঞানিক প্রক্রিয়া ও পরিমাপ |
| ২ | জীবজগৎ |
| ৩ | উদ্ভিদ ও প্রাণীর কোষীয় সংগঠন |
| ৭ | পদার্থের বৈশিষ্ঠ্য এবং বাহ্যিক প্রভাব |
| ৮ | মিশ্রণ |
| ১০ | গতি |
| ১৩ | খাদ্য ও পুষ্টি |

CT : অধ্যায়-৩,৭

## বার্ষিক সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ৪ | উদ্ভিদের বাহ্যিক বৈশিষ্ঠ্য |
| ৫ | সালোক সংশ্লেষণ |
| ৬ | সংবেদি অঙ্গ |
| ৯ | আলোর ঘটনা |
| ১১ | বল এবং সরল যন্ত্র |
| ১২ | পৃথিবীর উৎপত্তি ও গঠন |
| ১৪ | পরিবেশের ভারসাম্য এরং আমাদের জীবন |

CT : অধ্যায়-৫,১১

কথা-বার্তায় ক্রোধের পরিমান খাবারের লবণের মত হওয়া উচিত। পরিমিত হলে রুচিকর, অপরিমিত হলে ক্ষতিকর।

প্লেটো

## মানবন্টন (ক্লাস টেস্ট)

| | |
|---|---|
| সৃজনশীল প্রশ্ন ১টি | ১×১০=১০ |
| সংক্ষিপ্ত প্রশ্ন ৫টি | ২×৫=১০ |
| বহুনির্বাচনী প্রশ্ন ১০টি | ১×১০=১০ |
| চ্যাপ্টার টেস্ট | =১০ |
| মোট | =৪০ |

## নম্বর বন্টন

### অর্ধবার্ষিক ও বার্ষিক

| | |
|---|---|
| সৃজনশীল ৮টি থেকে ৫টি | ৫×১০=৫০ |
| সংক্ষিপ্ত প্রশ্ন ১৫টি থেকে ১০টি | ২×১০=২০ |
| বহুনির্বাচনী প্রশ্ন ৩০টি | ১×৩০=৩০ |
| মোট | =১০০ |

* ১০০নম্বরকে ৬০ নম্বরে রূপান্তরিত করা হবে।

কৃতজ্ঞ কুকুর অকৃতজ্ঞ মানুষ অপেক্ষা শ্রেয়

শেখ সাদী

কারো অতীত জেনোনা, বর্তমানকে জানো এবং সে জানাই যথার্থ।

এডিসন

# শ্রেণি : ৬ষ্ঠ
# বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

## ষান্মাসিক সিলেবাস /প্রাক-নির্বাচনী সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি পরিচিতি |
| ২ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট যন্ত্রপাতি |
| ৩ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তির নিরাপদ ব্যবহার |
| ক্লাস টেস্ট : | অধ্যায় (১+২) |
| | |
| অধ্যায় ভিত্তিক পরীক্ষা : | অধ্যায় ০১ |

## বার্ষিক সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ২ | তথ্যও যোগাযোগ প্রযুক্তি সংশ্লিষ্ট যন্ত্রপাতি |
| ৪ | ওয়ার্ড প্রসেসিং |
| ৫ | ইন্টারনেট পরিচিতি |
| ক্লাস টেস্ট : | অধ্যায় (৪+৫) |
| | |
| অধ্যায় ভিত্তিক পরীক্ষা : | অধ্যায় ০৪ |

| | |
|---|---|
| ৫০মার্কস থেকে কনভাট হবে | ৩০ নম্বর |
| ক্লাস টেস্ট ও অধ্যায়ভিত্তিক পরীক্ষা হবে | ২০ নম্বর |
| মোট | ৫০ নম্বর |

## বার্ষিক ও ষন্মাসিক পরীক্ষার মানবণ্টন

| | |
|---|---|
| বহু নির্বাচনী- | ১ x ১৫ = ১৫ |
| সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ৫ x ২ = ১০ |
| ব্যাবহারিক | =২৫ |
| মোট | =৫০ |

## মানবণ্টন : ক্লাস পরীক্ষা

| | |
|---|---|
| বড় প্রশ্ন | ২ X ৫ =১০ |
| ছোট প্রশ্ন | ২ X ৭ =১৪ |
| এককথায় উত্তর | ১ X ৬ =৬ |
| মোট | = ৩০ নম্বর |

| | |
|---|---|
| ক্লাস টেস্ট | ৩০ নম্বর |
| অধ্যায় ভিত্তিক পরীক্ষা | ১০ নম্বর |

কোন মানুষই অপ্রয়োজনীয় নয় যতোক্ষন তার একটিও বন্ধু আছে।

রবার্ট লুই স্টিভেন্স

জ্ঞানীলোকের কানটা বড় আর জিভটা ছোট হয়।

চীনা প্রবাদ

# শ্রেণি- ষষ্ঠ
# বিষয়- বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## ষান্মাসিক সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ১ | সমাজ বিবর্তনের ইতিহাস |
| ২ | বাংলাদেশের ইতিহাস |
| ৩ | বাংলাদেশের সংস্কৃতি ও সমাজ |
| ৪ | বাংলাদেশের অর্থনীতি |

ক্লাস টেস্ট - অধ্যায় ২- বাংলাদেশের ইতিহাস
অধ্যায় ৩- বাংলাদেশের সংস্কৃতি ও সমাজ

## বার্ষিক সিলেবাস

| অধ্যায়ের নম্বর | অধ্যায়ের নাম |
|---|---|
| ৫ | বাংলাদেশ ও বাংলাদেশের নাগরিক |
| ৬ | বাংলাদেশের পরিবেশ |
| ৭ | শিশুর বেড়ে ওঠা ও প্রতিবন্ধকতাঃ সামাজিকীকরণ |
| ৮ | বাংলাদেশের ও আঞ্চলিক সহযোগিতা |

ক্লাস টেস্ট- অধ্যায় ৫-বাংলাদেশ ও বাংলাদেশেরনাগরিক
অধ্যায় ৬-বাংলাদেশেরপরিবেশ

কিছু কিছু মানুষ সত্যি খুব অসহায়। তাদের ভালোলাগা মন্দলাগা, ব্যথা বেদনাগুলো বলার মত কেউ থাকে না। তাদের কিছু অব্যক্ত কথামনের গভীরেই রয়ে যায়, আর কিছু কিছু স্মৃতি এক সময় পরিণত হয় দীর্ঘশ্বাসে।

হুমায়ূন আহমেদ

# শ্রেণি- ষষ্ঠ
# বিষয়- বাংলাদেশ ও বিশ্বপরিচয়

## নম্বর বন্টন
## ষান্মাসিক/বার্ষিক পরীক্ষার নম্বর বন্টন

| | |
|---|---|
| সৃজনশীল প্রশ্ন | ৫ x ১০ = ৫০ |
| সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ২ x ১০ = ২০ |
| বহুনির্বাচসী প্রশ্ন | ১ x ৩০ = ৩০ |
| মোট | =১০০ |

উত্তর দিতে হবে-
* ৮টি সৃজনশীল হতে ৫টি সৃজনশীল প্রশ্ন
* ১৫টি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন হতে ১০টি সংক্ষিপ্ত উত্তর/প্রশ্ন
* ৩০টি বহুনির্বচনী প্রশ্ন হতে ৩০টি বহুনির্বাচনী

## শ্রেণি পরীক্ষার নম্বর বন্টন-

| | |
|---|---|
| সৃজনশীল প্রশ্ন | ১ x ১০ = ১০ |
| সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ২ x ৫ = ১০ |
| এক কথায় উত্তর | ১ x ১০ = ১০ |
| মোট | = ৩০ |

| | |
|---|---|
| *১০০নম্বরকে রূপান্তরিত হবে | =৬০ নম্বরে |
| শ্রেণি পরীক্ষা | =৩০ নম্বরে |
| অধ্যায় ভিত্তিক পরীক্ষা | =১০ নম্বরে |
| মোট | =১০০ নম্বর |

# শ্রেণী- ষষ্ঠ
# সেশন-২০২৫
# বিষয়-ইসলাম ও নৈতিক শিক্ষা

## অর্ধবার্ষিক ক্লাস টেস্ট পরীক্ষা

| অধ্যায়ের সংখ্যা | অধ্যায়ের নাম |
|---|---|
| ২ | ইবাদত |

## অর্ধ-বার্ষিক পরীক্ষা

| অধ্যায়ের সংখ্যা | অধ্যায়ের নাম |
|---|---|
| ১ | আকাইদ |
| ২ | ইবাদত |
| ৩ | কুরআন ও হাদিসের শিক্ষা |

## বার্ষিক ক্লাস টেষ্ট পরীক্ষা

| অধ্যায়ের সংখ্যা | অধ্যায়ের নাম |
|---|---|
| ৪ | আখলাক |

## বার্ষিক পরীক্ষা

| অধ্যায়ের সংখ্যা | অধ্যায়ের নাম |
|---|---|
| ২ | ইবাদত |
| ৪ | আখলাক |
| ৫ | আদর্শ জীবনী |

## CT পরীক্ষার মানবণ্টন

| প্রশ্নের ধরণ | নম্বর |
|---|---|
| সৃজনশীল প্রশ্ন | ১ x ১০ = ১০ |
| সংক্ষিপ্ত উত্তর /প্রশ্ন | ২ x ৫ = ১০ |
| বহুনির্বাচনী | ১ x ১০ = ১০ |
| মোট | = ৩০ |

## অর্ধ-বার্ষিক ও বার্ষিক পরীক্ষার মানবণ্টন

| | |
|---|---|
| বহুনির্বাচনী প্রশ্ন | ৩ ০X ১ = ৩০ |
| এককথায় সংক্ষিপ্ত প্রশ্ন | ২ x ১০ = ২০ |
| সৃজনশীল প্রশ্ন (৮ থেকে ৫টি) | ৫ x ১০ = ৫০ |
| মোট | = ১০০ |

## [১০০ নম্বরের টার্ম পরীক্ষা ৬০ নম্বরে রূপান্তরিত হবে]

| | |
|---|---|
| ক্লাস টেস্ট | ৩০ নম্বর |
| অধ্যায় টেষ্ট | ১০ নম্বর |
| অর্ধবার্ষিকী পরীক্ষা | ৬০ নম্বর |

যে ব্যক্তি একজন মুসলমানের দোষ গোপন করবে, আল্লাহ দুনিয়া ও আখিরাতে তার দোষ গোপন করবেন।

হযরত মোহাম্মদ সাঃ

আমি আল্লাহকে সবচেয়ে বেশি ভয় পাই। তারপর সেই মানুষকে ভয় পাই যে আল্লাহকে মোটেই ভয় পায় না।

শেখ সাদী

# শ্রেণী- ষষ্ঠ
# সেশন-২০২৫
# বিষয়-হিন্দুধর্ম শিক্ষা

## অর্ধ-বার্ষিক সিলেবাস

| অধ্যায় | শিরোনাম |
|---|---|
| প্রথম | স্রষ্টা ও সৃষ্টি |
| দ্বিতীয় | ধর্মগ্রন্থ |
| তৃতীয় | হিন্দুধর্মের স্বরূপ ও বিশ্বাস |
| চতুর্থ | নিত্যকর্ম ও যোগাসন |

| | | |
|---|---|---|
| শ্রেণি পরীক্ষা | অধ্যায় দ্বিতীয় | ধর্মগ্রন্থ |
| | অধ্যায় তৃতীয় | হিন্দুধর্মের স্বরূপ ও বিশ্বাস |

## বার্ষিক সিলেবাস

| অধ্যায় | শিরোনাম |
|---|---|
| পঞ্চম | দেব-দেবী ও পূজা-পার্বণ |
| ষষ্ঠ | ধর্মীয় উপাখ্যানে নৈতিক শিক্ষা |
| সপ্তম | আদর্শ জীবনচরিত |
| অষ্টম | হিন্দুধর্ম ও নৈতিক মূল্যবোধ |

| | | |
|---|---|---|
| শ্রেণি পরীক্ষা | অধ্যায় পঞ্চম | দেব-দেবী ও পূজা-পার্বণ |
| | অধ্যায় ষষ্ঠ | ধর্মীয় উপাখ্যানে নৈতিক শিক্ষা |

আমি ব্যর্থতা কে মেনে নিতে পারি কিন্তু আমি চেষ্টা না করাকে মেনে নিতে পারিনা।

মাইকেল জর্ডান

# শ্রেণী : ষষ্ঠ
# সেশন : ২০২৫
# বিষয় : হিন্দুধর্ম শিক্ষা

## হিন্দু/বৌদ্ধ/ খ্রিষ্টানধর্ম শিক্ষা

## #প্রশ্নের ধরণ ও মান বন্টন (অর্ধ-বাষিক ও বার্ষিক)

| | |
|---|---|
| ১। সৃজনশীল | ৫০ |
| ২। সংক্ষিপ্ত প্রশ্ন | ২০ |
| ৩। বহুনির্বাচনী প্রশ্ন | ৩০ |
| মোট নম্বর | =১০০ |

## নম্বর

| | | |
|---|---|---|
| সৃজনশীল | ৮টি থেকে ৫টি | ১০ x ৫= ৫০ |
| সংক্ষিপ্ত প্রশ্ন | ১৫টি থেকে ১০টি | ২ x ১০= ২০ |
| বহুনির্বাচনী প্রশ্ন | ৩০টি উত্তর দিতে হবে। | ৩০ x১ = ৩০ |
| মোট | | =১০০ |

**প্রশ্নের ধরণ ও মান বন্টন (শ্রেণী পরীক্ষা)**

| | |
|---|---|
| সৃজনশীল | ১০ x ১ = ১০ |
| সংক্ষিপ্ত প্রশ্ন | ৫ x ২ = ১০ |
| এক কথায় উত্তর | ১০ x ১ = ১০ |
| মোট নম্বর | =৩০ |

**# অধ্যায় ভিত্তিক পরীক্ষা-১০**

প্রশ্নের ধরণ = সৃজনশীল / সংক্ষিপ্ত প্রশ্ন / এককথায় প্রকাশ

*** বার্ষিক ও অর্ধবার্ষিক পরীক্ষার ১০০ নম্বর কে ৬০নম্বরে রূপান্তর করা হবে। শ্রেণী পরীক্ষা ও অধ্যায় ভিত্তিক পরীক্ষা তেকে ৪০ নম্বর নেওয়া হবে।

# শ্রেণি: ষষ্ঠ
# বিষয়: চারু ও কারুকলা

## ষান্মাসিক পরীক্ষার সিলেবাস

| অধ্যায় | অধ্যায়ের শিরোনাম |
|---|---|
| প্রথম | চারু ও কারু কলার পরিচয় |
| তৃতীয় | বাংলাদেশের লোকশিল্প ও কারুশিল্প |
| চতুর্থ | ছবি আঁকার সাধারণ নিয়ম,উপকরণ ও মাধ্যম |
| পঞ্চম | ছবি আঁকার অনুশীলন |
| সপ্তম | রং ও রঙের ব্যবহার |
| চিত্রাংকন | ১) রেখার মাধ্যমে অংকন (মাছ, টিয়া পাখি, ঘর, হাঁস, মোরগ) |
| | ২) মেঝেতে কয়েকটি সবজি ( বেগুন, গাজর, মুলা, পেঁপে, টমেটো ইত্যাদি |
| | ৩) গ্রীষ্মকালের দৃশ্য |
| | ৪) বর্ষাকালের দৃশ্য |
| কারু শিল্প | ১) ফুল, লতা-পাতা, পাতা, প্রজাপতি ইত্যাদি উপকরণ দিয়ে একটি বর্গক্ষেত্রের মধ্যে নকশা অঙ্কন কর এবং সাদা-কালো রং করো (আকার: ৬”×৬”) |
| | ২) কাগজ কেটে ফুলের নকশা তৈরি কর |

স্বপ্ন সেটা নয় যেটা মানুষ, ঘুমিয়ে ঘুমিয়ে দেখে; স্বপ্ন সেটাই যেটা পূরনের প্রত্যাশা, মানুষকে ঘুমাতে দেয় না।

এ পি জে আব্দুল কালাম

# অর্ধবার্ষিক CT

| অধ্যায় | প্রশ্নের ধরন | নম্বর |
|---|---|---|
| •১ম<br>•৪র্থ | বড় প্রশ্ন (৫×২)=১০<br>সংক্ষিপ্ত প্রশ্ন<br>(২×২)=৪<br>এক কথায় উত্তর<br>(১×১)=১ | ১৫ |
| চিত্রাংকন | ১) মেঝেতে কয়েকটি সবজি ( বেগুন, গাজর, মুলা, পেঁপে, টমেটো ইত্যাদি | ১৫ |
| | | |
| | ২) রেখার মাধ্যমে অংকন (মাছ, টিয়া পাখি, ঘর, হাঁস, মোরগ) | |

এই পৃথিবী কখনো খারাপ মানুষের খারাপ কর্মের জন্য ধ্বংস হবে না, যারা খারাপ মানুষের খারাপ কর্ম দেখেও কিছু করেনা তাদের জন্যই পৃথিবী ধ্বংস হবে

আইনস্টাইন

# বার্ষিক পরীক্ষার সিলেবাস

| অধ্যায় | অধ্যায়ের শিরোনাম |
|---|---|
| দ্বিতীয় | বাংলাদেশের চারু ও কারু কলা শিক্ষার ইতিহাস |
| তৃতীয় | বাংলাদেশের লোকশিল্প ও কারুশিল্প |
| চতুর্থ | ছবি আঁকার সাধারণ নিয়ম, উপকরণ ও মাধ্যম |
| ষষ্ঠ | কাগজ ও ফেলনা জিনিস দিয়ে শিল্পকর্ম |
| | |
| চিত্রাংকন | ১) একটি গ্রামের দৃশ্য |
| | ২) শরৎ কালের দৃশ্য |
| | ২) হেমন্ত কালের দৃশ্য |
| | ৩) ফুলদানিতে কয়েকটি ফুল সহ চিত্র |
| | |
| কারুশিল্প | ১) কাগজ এবং ডিমের খোসা দিয়ে একটি পুতুল তৈরি কর |
| | ২) একটি বর্গক্ষেত্রের মধ্যে বৃত্ত, ত্রিভুজ ও চতুর্ভুজ দিয়ে একটি নকশা অঙ্কন কর এবং সাদা কালো রং করো (আকার: ৬”×৬”) |

CT, বার্ষিক

| অধ্যায় | প্রশ্নের ধরন | নম্বর |
|---|---|---|
| •৩য়<br>•৪র্থ | বড় প্রশ্ন (৫×২)=১০<br>সংক্ষিপ্ত প্রশ্ন (২×২)=৪<br>এক কথায় উত্তর (১×১)=১ | ১৫ |
| চিত্রাংকন | ১) একটি গ্রামের দৃশ্য | ১৫ |
| | ২) শরৎ কালের দৃশ্য | |

**নম্বর বন্টন**

| বিষয় | নম্বর |
| --- | --- |
| ১) লিখিত অংশ | ২৫ |
| ২) চিত্রাংকন | ১৫ |
| ৩) কারু শিল্পতৈরি | ১০ |
| মোট | ৫০ |

কে আমাদের একশবার রসগোল্লা খাইয়েছিল তা আমরা ভুলে যাই। কিন্তু কে কবে একবার কান মুচড়ে দিয়েছিল তা মনে রাখি।

আবদুল্লাহ আবু সাঈদ

| বিষয় : | শিষ্টাচার ও শৃঙখলা, ভদ্রতা, নৈতিকতা, সময়ানুবর্তীতা, আচরণ  এর পরিমাপ |
|---|---|

(দৃষ্টব্য: এই পৃষ্ঠাটি শিক্ষার্থীর সার্বিক শৃঙ্খলা রক্ষার জন্য সংযোজিত। প্রতিটি শিক্ষার্থীকে একজন আদর্শ শিক্ষার্থী হিসাবে ১০০ নম্বর প্রদান করা হলো। শিক্ষকদের মূল্যায়নে পড়াশোনা বা শৃঙ্খলা সংক্রান্ত কোন গুরুতর অভিযোগ থাকলে শিক্ষকগণ ০৫ নম্বর করে কর্তন করবেন। এই শৃঙ্খলা মানদন্ডের মাধ্যমে শিক্ষার্থীর সারা বছরের সার্বিক আচরণগত কর্মকান্ডের মুল্যায়ন করা হবে। কোনো শিক্ষার্থীর পূর্ণমান থেকে কর্তনের পর নম্বর ৪০ এর নিচে চলে আসলে অথবা, এই পৃষ্ঠাটি ছিঁড়লে তাকে প্রতিষ্ঠান থেকে বহিষ্কার করা হবে। -অধ্যক্ষ)

| পূর্ণমান ১০০ | এই শিক্ষার্থীর আচারণ মার্জিত, নিয়মিত ক্লাসে উপস্থিত হয় ও নিয়মিত লেখাপড়া করে, সে সুশৃঙ্খল, পড়াশোনায় মনোযোগী, শ্রেণির ও বাড়ির কাজ নিয়মিত করে। স্কুল/ কলেজ ইউনিফর্ম ও আইডি নিয়মিত পরিধান করে, স্কুল/ কলেজের সকল নিয়মাবলি মেনে চলে, তার ক্লাস / স্কুল পালানোর অভ্যাস নেই, তার বিরুদ্ধে কোনো শিক্ষক / কর্মচারীর কোনো অভিযোগ নেই। একজন আদর্শ ছাত্র/ছাত্রী। | শিক্ষকের স্বাক্ষর ও তারিখ | অভিভাবকের স্বাক্ষর ও তারিখ | অধ্যক্ষের স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|---|
| | নম্বর কর্তন | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯৫ | | | | |
| ৯০ | | | | |
| ৮৫ | | | | |
| ৮০ | | | | |
| ৭৫ | | | | |
| ৭০ | | | | |
| ৬৫ | | | | |
| ৬০ | | | | |
| ৫৫ | | | | |
| ৫০<br>৪৫ | | | | |
| ৪০ | | | | |
| ৩৫ | বহিস্কৃত | | | |
| ৩০ | | | | |
| ২৫ | | | | |
| ২০ | | | | |
| ১৫ | অধ্যক্ষ | | | |
| ১০ | | | | |
| ০৫ | | | | |
| ০০ | | | | |

একজন মহান ব্যক্তির মহত্ব বোঝা যায় ছোট ব্যক্তিদের সাথে তার ব্যবহার দেখে।

–কার্লাইল

কখনো কোন বন্ধুকে আঘাত করো না, এমনকি ঠাট্টা করেও না।

–সিসেরো